

# このドライヤーはいくらですか

Kono doraiyaa wa ikura desu ka

এই হেয়ার ড্রায়ারের দাম কত?



## আজকের স্ক্রিপ্ট

タム : たくさんありますね!

তাম Takusan arima<sup>1</sup>su ne!

অনেক হেয়ার ড্রায়ার আছে দেখছি!

あやか : すごくいでしょ?

আয়াকা Sugoi<sup>1</sup>deshoo?

দারুণ, তাই না?

これはサラサラヘア。

Kore wa sarasara he<sup>1</sup>a.

এটা চুলকে করবে সিল্কের মত মসৃণ।

これはツヤが出るタイプ。

Kore wa tsuya ga de<sup>1</sup>ru tai<sup>1</sup>pu.

আর এটা দিয়ে চুল হবে ঝলমলো।

タム : へえ、いくらですか。

তাম Hee, i<sup>1</sup>kura de<sup>1</sup>su ka.

হুমা

এটার দাম কত?

あやか : セールって書いてある。きいてみよう。

আয়াকা Se<sup>1</sup>eru tte ka<sup>1</sup>ite a<sup>1</sup>ru. Kiite miyo<sup>1</sup>o.

এতে সেল চলছে বলে লেখা আছে।  
জিঞ্জেস করে দেখা যাক।

タム : すみません。

তাম Sumimase<sup>1</sup>n.

মাফ করবেন, একটু শুনুন।

このドライヤーはいくらですか。

Kono doraiyaa wa i<sup>1</sup>kura de<sup>1</sup>su ka.

এই হেয়ার ড্রায়ারের দাম কত?

店員 : 9,900円です。

দোকানি Kyuu-se<sup>1</sup>n-kyuu-hyaku<sup>1</sup>-en de<sup>1</sup>su.

9,900 ইয়েনা

タム : え! 高すぎます。

তাম E! Takasugima<sup>1</sup>su.

অ্যা!

এ তো দেখি অনেক দাম।

### শব্দার্থ

いくら দাম কত

i<sup>1</sup>kura

書<sup>か</sup>く লেখা

ka<sup>1</sup>ku

ドライヤー হেয়ার ড্রায়ার

doraiyaa

মূল বাক্য

# このドライヤーはいくらですか。

Kono doraiyaa wa i'kura de'su ka.

এই হেয়ার ড্রায়ারের দাম কত?

কোনকিছুর মূল্য জানতে চাইলে বলুন “ইকুরা দেস্ কা?” অর্থাৎ “এর দাম কত?” আবার সেই বস্তুটির নাম উল্লেখ করে জিজ্ঞেস করার ক্ষেত্রে বলুন, “কোনো/সোনো/আনো [বস্তুর নাম] ওয়া ইকুরা দেস্ কা?” জাপানি “ইকুরা” কথাটির বাংলা অর্থ হল “কত?”

আসুন চর্চা করি!

すみません。この炊飯器はいくらですか。

Sumimase'n. Kono suihā'n-ki wa i'kura de'su ka.

8,700円です。

Hasse'n-nanahyaku<sup>1</sup>-en de'su.

মাফ করবেনা এই রাইস কুকারের দাম কত?

8,700 ইয়েনা

এটাও চেষ্টা করি!

すみません。この/その/あの ~はいくらですか。


Sumimase'n. Kono/Sono/Ano ~ wa i'kura de'su ka.

মাফ করবেনা এই/এ/সেই ~-এর দাম কত?

① イヤホン

i'yahon


ইয়ারফোন



② 茶碗

chawan

রাইস বোল



তুলনামূলক বড় সংখ্যা

	1	2	3	6	8
10	ju'u	ni'juu	sa'njuu	rokuju'u	hachiju'u
100	hyaku <sup>1</sup>	nihyaku <sup>1</sup>	sa'nbyaku	roppyaku <sup>1</sup>	happyaku <sup>1</sup>
1000	se'n	nise'n	sanze'n	rokuse'n	hasse'n

※1,234 se'n-nihyaku-sa'njuu-yo'n



আরও শিখি



হারু-সানের পরামর্শের কুলি

## জাপানের মুদ্রা

জাপানে চারটি মূল্যমানের কাগজের নোট চালু রয়েছে: 1,000-, 2,000-, 5,000-, এবং 10,000-ইয়েন নোট। তবে 2,000-ইয়েন মূল্যমানের নোট খুব কম দেখা যায়।

### জাপানের কাগজের নোট



ধাতব মুদ্রা বা কয়েন চালু আছে ছয়টি মূল্যমানের: এক ইয়েন, পাঁচ ইয়েন, দশ ইয়েন, 50, 100, এবং 500 ইয়েন। জাপানে প্রায় সব জায়গায় ভেন্ডিং মেশিন থাকার কারণে এসব ধাতব মুদ্রা ব্যবহারের যথেষ্ট সুযোগ লোকজন পেয়ে থাকেন। তবে এক ইয়েন এবং পাঁচ ইয়েন মূল্যমানের কয়েন ভেন্ডিং মেশিনগুলো গ্রহণ করে না। তাই দোকানে কোনকিছুর খুচরো দাম পরিশোধ করার সময়ই কেবল সেগুলো কাজে লাগে, নতুবা এসব কয়েন আপনার কাছেই পড়ে থাকবে।

### জাপানের ধাতব কয়েন



জাপানে বিয়ে বা অন্যান্য আচার-অনুষ্ঠানে অর্থ উপহার দেওয়ার ক্ষেত্রে সঠিক শিষ্টাচার হল ঐ সুনির্দিষ্ট প্রকারের আচার-অনুষ্ঠানের জন্য যে বিশেষ খাম কিনতে পাওয়া যায় তার ভেতরে একাধিক আনকোরা নতুন নোট বেজোড় সংখ্যায় উপহার দেওয়া।



উত্তর ① すみません。あのイヤホンはいくらですか。

Sumimase'n. Ano iyahon wa ikura desu ka.

② すみません。この茶碗はいくらですか。

Sumimase'n. Kono chawan wa ikura desu ka.